

‘ফিনিঞ্চ অব প্রেজেন্টেশন’ শীর্ষক আন্তঃবিভাগ প্রেজেন্টেশন প্রতিযোগিতা
অনুষ্ঠিত



৯ মার্চ ২০২০-সোমবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যারিয়ার ক্লাবের উদ্যোগে ‘ফিনিঞ্চ অব প্রেজেন্টেশন’ শীর্ষক আন্তঃবিভাগ প্রেজেন্টেশন প্রতিযোগিতার চূড়ান্তপর্ব মার্কেটিং বিভাগের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। এতে বিশেষ অতিথি হিসেবে ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ উপস্থিত ছিলেন।

উক্ত প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের ১ম ও ২য় বর্ষের শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করে। ‘টিম টিটানিয়া’ নামে জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন এবং ‘টিম ইনভিনসিবল’ নামে ‘একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ ১ম রানার্স আপ হওয়ার গৌরব অর্জন করে। এছাড়াও ‘টিম পিনাকল’ নামে ফিন্যান্স বিভাগ ইমাজিন টিম হিসেবে নির্বাচিত হয়।